দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 10 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 7



# বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গুলী ৩টি হলে ভাঙচুর

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি আবার উত্তপ্ত হয়ে উঠেছে। গতকাল বুধবার রাতে ক্যাম্পাসে ছাত্র সংগ্রাম পরিষদের মিছিলের ওপর গুলী করা হয়। বিশ্ববিদ্যালয়ের ৩টি আবাসিক হল থেকে ছাত্র সংগ্রাম পরিষদের কর্মীদের বের করে দেয়া হয়। গভীর রাত পর্যন্ত ক্যাম্পাসে গুলী ও বোমার শব্দ শোনা যায়।

রাতে ছাত্র নেতৃবৃন্দ উপাচার্যের সাথে দেখা করেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণ করার জন্য দাবী জানান। উপাচার্যের দেয়া আশ্বাস অনুযায়ী গতরাতেই বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হলে পুলিশী তল্লাশি হবার কথা। ছাত্র নেতৃবৃন্দ জানান, জাতীয়তাবাদী ছাত্রদল এসব সন্ত্রাসের জন্য দায়ী।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাত ৯টার দিকে মুজিব ও জিয়া হল থেকে ছাত্র সংগ্রাম পরিষদের একটি মিছিল বের হয়ে সূর্যসেন হলের কাছে আসে। সেখানে শ্লোগান চলাকালে হঠাৎ করে মিছিল লক্ষ্য করে গুলী করা হয়। গুলী কারো গায়ে না লাগলেও ছোটাছুটিতে ২৫/৩০ জন ছাত্র আহত হয়। অভিযোগ করা হয়েছে যে, গুলীবর্ষণকারীরা ছাত্রদলের নামে পাল্টা শ্লোগান দেয়।

এ ঘটনার পরপরই মুজিব, জিয়া ও সূর্যসেন হল থেকে ছাত্র সংগ্রাম পরিষদ কর্মীসহ অন্য ছাত্রদের বের করে দেয়া হয় এবং বেশকিছু কক্ষ ভাঙচুর করা হয়। উপাচার্যের অনুরোধে রাতেই ক্যাম্পাসে পুলিশী টহল জোরদার করা হয়। রাতে ছাত্র নেতৃবৃন্দ উপাচার্যের সাথে দেখা করার পর তিনি আশ্বাস দেন যে, ওই হলগুলো থেকে সন্ত্রাসবাদী ও বহিরাগতদের উচ্ছেদের জন্য পুলিশী তল্লাশির ব্যবস্থা করবেন।

রাত ১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে থমথমে পরিস্থিতি বিরাজ করছিল এবং পুলিশ ঘন ঘন টহল দিচ্ছিল।